আজকের কাগজ

তারিখ 23 AUG 1994
পৃষ্ঠা ১০ কলাম ৭

13

# কৃষি বিজ্ঞান বই-এর দুষ্প্রাপ্যতায় মাধ্যমিক পর্যায়ে বাধ্যতামূলক কৃষি শিক্ষা ব্যাহত

সরকার মাধ্যমিক স্তরে কৃষি শিক্ষা চালু করার জন্যে নির্দেশ প্রদান করলেও এই শিক্ষা যাতে বাস্তবায়ন হয় তার কোনো বাস্তব পদক্ষেপ আছে বলে মনে হচ্ছে না। কারণ বছরের ৭ মাস অতিবাহিত হলেও ষষ্ঠ থেকে ৯ম শ্রেণী পর্যন্ত কৃষি শিক্ষার বই বাজারে একদমই নেই। ফলে লোহাগড়া থানার কোনো বিদ্যালয়ে এখন পর্যন্ত কৃষি বিজ্ঞান পড়ান শুরু হয়নি। এ বিষয়ে বই বিক্রেতাদের সঙ্গে আলাপ করে জানা যায় তারা যে সব স্থান থেকে বই ক্রয় করে সেখানে কৃষি বিজ্ঞান বইয়ের প্রচুর অভাব রয়েছে। যার ফলে বাধ্যতামূলকভাবে এ শিক্ষা বাস্তবায়ন করা সম্ভব হচ্ছে না। এ ব্যাপারে লোহাগড়া পাইলট উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মুন্সী মেরাজুল হোসেনের সঙ্গে আলাপ করে জানা যায়, এ বছর সিলেবাসে থাকলেও ছাত্র/ছাত্রীরা এ বিষয়ে পরীক্ষা দিতে ব্যর্থ হবে। কারণ কৃষি বিজ্ঞান বই কর্তৃপক্ষ পর্যাপ্ত পরিমাণে সরবরাহ করতে পারছে না।

এ ব্যাপারে সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তাদের দৃষ্টি দেয়া একান্ত প্রয়োজন বলে অভিজ্ঞ মহল মনে করেন। লোহাগড়া থেকে শেখ আতাউর রহমান ফিরোজ।